

জাতীয় পরিবেশ পদক পেলেন ঢাবির উপ- উপাচার্য

ঢাবি প্রতিনিধি

প্রকাশ: ০৯ জুন, ২০২৬ ১৭:৪৭



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম 'জাতীয় পরিবেশ পদক ২০২৫' অর্জন করেছেন। পরিবেশবিষয়ক গবেষণা এবং প্রযুক্তি

উদ্ভাবনে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ তাকে এ পদকে ভূষিত করা হয়েছে।

এ বিষয়ে গত ৭ জুন প্রজ্ঞাপন জারি করেছে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

আরো পড়ুন



১ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপনের পরিকল্পনা

এ সম্মানজনক পদক অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালামকে অভিনন্দন জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। এক অভিনন্দন বার্তায় তিনি বলেন, ‘অধ্যাপক ড. আবদুস সালামের এ অর্জনে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার গর্বিত।’

আরো পড়ুন



দেশে নিবন্ধিত মোবাইল সিম
জনসংখ্যার দ্বিগুণ

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর
(শিক্ষা) এবং রসায়ন বিভাগের অধ্যাপক ড. আবদুস
সালাম পরিবেশ, বায়ুদূষণ ও প্রযুক্তি বিষয়ে দীর্ঘদিন যাবৎ
গবেষণা চালিয়ে যাচ্ছেন।

তার অসংখ্য গবেষণা প্রবন্ধ দেশ-বিদেশের খ্যাতিমান
জার্নালে প্রকাশিত হয়েছে।